আসিফ মাহমুদের দুর্নীতির কারণেই আসন ছাড়েননি জামায়াত আমির: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলেছেন বিএনপি নেতা রাশেদ খাঁন। তাঁর দাবি, এই আর্থিক অনিয়মের কারণেই ঢাকা-১০ আসনটি আসিফের জন্য ছেড়ে দেননি জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

রোববার (৩১ মে) নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি এই মন্তব্য করেন।

রাশেদ খাঁন লেখেন, বিষয়টি এনসিপির নীতিনির্ধারণী মহল জানলেও রাজনৈতিক কারণে নাহিদ ইসলাম তা অস্বীকার করতে পারেন। তবে সাংবাদিকরা প্রশ্ন করলে জামায়াত আমির ইমানদার হিসেবে সত্য এড়াতে পারবেন না। আসিফ মাহমুদ ও তাঁর এপিএস মোয়াজ্জেম ছাড়াও আলোচিত 'ডিসি কেলেঙ্কারি'র সঙ্গে হাসনাত ও সারজিস জড়িত ছিলেন বলে তাঁর কাছে তথ্য রয়েছে।

পোস্টে আরও অভিযোগ করা হয়, এনসিপির শীর্ষ এক ডজন নেতা ব্যাপক দুর্নীতির সঙ্গে জড়িত। নাসীরুদ্দীন পাটোয়ারীর সুপারিশে নিয়োগ পাওয়া প্রশাসক মোহাম্মদ এজাজের মাধ্যমে অর্জিত টাকা এনসিপির তহবিলে গেছে। এমনকি কাজ পাইয়ে দেওয়ার নামে এক নারীর কাছ থেকে ৪৮ লাখ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগও রয়েছে।

সবশেষে রাশেদ খাঁন উল্লেখ করেন, শহীদ শরিফ ওসমান হাদি মৃত্যুর আগে এনসিপির যে তিনটি অপরাধ চিহ্নিত করেছিলেন, তার মধ্যে অন্যতম হলো এই দুর্নীতি। শহীদ ওসমান হাদি এনসিপি নিয়ে কোনো মিথ্যা কথা বলে যাননি।